গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯৪/২০১৯-২০২০
ঢাকা ২৪ মার্চ মঙ্গলবার ২০২০, ১০ চৈত্র ১৪২৬

১। করোনাভাইরাস মোকাবিলায় প্রধানমন্ত্রীর ১০ নির্দেশনা : আজ থেকে মাঠে নামছে সশস্ত্রবাহিনী
২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সরকারি বেসরকারি অফিস ছুটি
২। জাতির উদ্দেশে আগামীকাল ভাষণ দেবেন প্রধানমন্ত্রী
৩। রাষ্ট্রপতির কাছে সৌদি রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ
রোহিঙ্গা ইস্যুতে সমর্থন অব্যাহত রাখার আশ্বাস
৪। করোনা মোকাবিলায় ৫০০ সদস্যের চিকিৎসক কমিটি গঠন করা হয়েছে : সেতুমন্ত্রী
৫। করোনাভাইরাস প্রতিরোধে সরকারের পাশাপাশি গণমাধ্যমকর্মীদের একসঙ্গে কাজ করার আহ্বান তথ্যমন্ত্রীর
৬। কোয়ারেন্টাইন ও স্বাস্থ্যবিধি মেনে চলুন : প্রবাসীদের উদ্দেশে ভিডিওবার্তায় পররাষ্ট্রমন্ত্রী
৭। করোনা শনাক্তে হচ্ছে আরও আট পরীক্ষাগার : স্বাস্থ্যমন্ত্রী
স্বাস্থ্যমন্ত্রণালয়কে করোনাভাইরাস পরীক্ষার কিট ও পিপিই দিচ্ছে বিদ্যুৎ মন্ত্রণালয়
৮। করোনায় আরও একজনের মৃত্যু, নতুন আক্রান্ত ৬, মোট আক্রান্ত ৩৩, মৃত্যু ৩ : আইইডিসিআর
৯। চালের দাম নিয়ন্ত্রণে অসাধু ব্যবসায়ীদের ধরতে সারাদেশে জেলা প্রশাসকদের নির্দেশ
অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : খাদ্যমন্ত্রী
১০। প্রবাসীদের সহায়তা করতে বাংলাদেশ মিশনগুলোকে নির্দেশনা
১১। করোনাভাইরাসের কারণে স্কুল বন্ধ থাকায় টিভিতে মাধ্যমিকের শ্রেণি কার্যক্রম শুরু আজ থেকে
১২। করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে ঘোষিত সাধারণ ছুটিতে ব্যাংক লেনদেন হবে ১২টা পর্যন্ত
১৩। করোনাভাইরাসের কারণে সুদের হার কমাল কেন্দ্রীয় ব্যাংক
১৪। শিক্ষাবিদ সাহিত্যিক বোরহানউদ্দীন খান জাহাঙ্গীরের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

১। করোনাভাইরাস মোকাবিলায় প্রধানমন্ত্রীর ১০ নির্দেশনা : আজ থেকে মাঠে নামছে সশস্ত্রবাহিনী
২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সরকারি বেসরকারি অফিস ছুটি

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দুর্যোগের মতো পরিস্থিতিতে প্রশাসনকে সহায়তা করতে সারাদেশে মাঠে নামছে সশস্ত্রবাহিনী। আজ ২৪ মার্চ মঙ্গলবার থেকে বিভাগীয় ও জেলা শহরগুলোতে সশস্ত্রবাহিনী প্রশাসনকে সহায়তায় নিয়োজিত হবে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব। করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাধারণ ছুটি ঘোষণাসহ ১০ নির্দেশনা দিয়েছেন। দেশের জনগণের মঙ্গল কামনায় মন্ত্রিপরিষদ, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, স্বাস্থ্য এবং রোগতত্ত্ব বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শক্রমে রাষ্ট্রীয় এসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গতকাল (২৩ মার্চ সোমবার) মন্ত্রিপরিষদ সম্মেলনকক্ষে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ নির্দেশনা পাঠ করেন। নির্দেশনাগুলো হলো : ১. আগামী ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠান ছুটির আওতায় থাকবে। তবে কাঁচাবাজার, খাবার, ওষুধের দোকান, হাসপাতালসহ জরুরি যেসব সেবা রয়েছে তার জন্য এসব প্রযোজ্য হবে না। জনসাধারণকে জরুরি প্রয়োজন ছাড়া (খাদ্যদ্রব্য, ওষুধ ক্রয় ও চিকিৎসা গ্রহণ ইত্যাদি) কোনোভাবেই ঘরের বাইরে না আসার জন্য সবাইকে অনুরোধ জানানো হয়েছে। ২. এ সময়ে যদি কোনো অফিস-আদালতে প্রয়োজনীয় কাজকর্ম করতে হয় তাহলে তাদের অনলাইনে সম্পাদন করতে হবে। সরকারি অফিস সময়ের মধ্যে যারা প্রয়োজন মনে করবে তারাই শুধু অফিস খোলা রাখবে। ৩. গণপরিবহণ চলাচল সীমিত থাকবে। জনসাধারণকে যথাসম্ভব গণপরিবহণ পরিহারের পরামর্শ দেওয়া হচ্ছে। যারা জরুরি প্রয়োজনে গণপরিবহণ ব্যবহার করবে, তাদের অবশ্যই করোনাভাইরাসে সংক্রমিত হওয়া থেকে মুক্ত থাকতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করেই গণপরিবহণ ব্যবহার করতে হবে। গাড়িচালক ও সহকারীদের অবশ্যই গ্লাভস এবং মাস্ক পরাসহ পর্যাপ্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪. জনগণের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা দেবে। ৫. ২৪ মার্চ থেকে বিভাগীয় ও জেলা শহরগুলোতে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে সশস্ত্রবাহিনী জেলা প্রশাসনকে সহায়তায় নিয়োজিত থাকবে। দেশের ৬৪ জেলা ম্যাজিস্ট্রেট তাদের স্ব স্ব জেলার প্রয়োজন অনুযায়ী সশস্ত্রবাহিনীর জেলা কমান্ডারকে রিকুইজিশন দেবে। ৬. করোনাভাইরাসের কারণে নিম্ন আয়ের কোনো ব্যক্তি যদি স্বাভাবিক জীবনযাপনে অক্ষম হয়, তাহলে সরকারের যে ঘরে ফেরার কর্মসূচি রয়েছে , সে কর্মসূচির মাধ্যমে তারা নিজ নিজ গ্রামে ফিরে গিয়ে আয় বৃদ্ধির সুযোগ পাবে। এ ব্যাপারে জেলা প্রশাসকরা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। ৭. ভাসানচরে ১ লাখ লোকের আবাসন ও জীবিকা নির্বাহের ব্যবস্থা গ্রহণ করেছে সরকার। এ সময় যদি দরিদ্র কোনো ব্যক্তি ভাসানচরে যেতে চান তাহলে তারা যেতে পারবেন। এ ব্যাপারে জেলা প্রশাসকরা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। ৮. করোনা ভাইরাসজনিত কার্যক্রম বাস্তবায়নের কারণে দরিদ্র জনগোষ্ঠীর আয় অন্ন-সংস্থানের অসুবিধা নিরসনের জন্য জেলা প্রশাসকদের খাদ্য ও আর্থিক সহায়তা প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এ সহায়তা দেওয়া হবে। ৯. প্রধানমন্ত্রীর নির্দেশনায় বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (বিএমএ) করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য ৫০০ জন চিকিৎসকের তালিকা তৈরি ও তাদের প্রস্তুত রাখবে। ১০. সব ধরনের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় সমাগম সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। জাতির উদ্দেশে আগামীকাল ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

করোনাভাইরাস প্রাদুর্ভাব আতঙ্ক আর উদ্বেগের মধ্যে আগামীকাল ২৫ মার্চ বুধবার জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৩ মার্চ সোমবার) সচিবালয়ে সংবাদসম্মেলনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৩। রাষ্ট্রপতির কাছে সৌদি রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ
রোহিঙ্গা ইস্যুতে সমর্থন অব্যাহত রাখার আশ্বাস

সৌদি আরব সরকার বাংলাদেশের আর্থ-সামাজিক বিকাশ ত্বরান্বিত করতে এবং রোহিঙ্গা সমস্যা অবসান ঘটাতে তাদের সমর্থন অব্যাহত রাখবে। গতকাল (২৩ মার্চ সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে তার পরিচয়পত্র পেশকালে বাংলাদেশে নবনিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আল দুহাইলান এ কথা জানিয়েছেন। রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন যে এখানে অবস্থানকালে বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ক আরও বাড়বে। দুই ভ্রাতৃত্বপূর্ণ মুসলিম দেশের মধ্যে বিদ্যমান বাণিজ্য ও বিনিয়োগের সম্পর্কের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করে রাষ্ট্রপতি রাষ্ট্রদূতকে সম্পর্ক আরও বাড়ানোর জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

৪। করোনা মোকাবিলায় ৫০০ সদস্যের চিকিৎসক কমিটি গঠন করা হয়েছে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশে করোনাভাইরাস পরিস্থিতি মোকাবিলায় চিকিৎসকসহ ৫০০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গতকাল (২৩ মার্চ সোমবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত সাংবাদিকসম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে গত ২২ মার্চ রোববার বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের (বিএমএ) নেতৃত্বে চিকিৎসকদের নিয়ে ৫০০ সদস্যের একটি কমিটি করা হয়েছে। চিকিৎসকদের এ কমিটি স্বাস্থ্য বিভাগের সঙ্গে বা যাদের সঙ্গে দরকার, যোগাযোগ রেখে দায়িত্ব পালন করবেন। আমাদের স্বাস্থ্য উপকমিটির সঙ্গে সহযোগিতা করে দায়িত্ব পালন করে যাবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৫। করোনাভাইরাস প্রতিরোধে সরকারের পাশাপাশি গণমাধ্যমকর্মীদের একসঙ্গে কাজ করার আহ্বান তথ্যমন্ত্রীর

করোনাভাইরাসের মতো বৈশ্বিক দুর্যোগকালে গণমাধ্যমে চাকরিচ্যুতির ঘটনাকে অনভিপ্রেত ও দুঃখজনক বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। সম্প্রতি এসএ টিভিতে ২৭ জন ও আগামী নিউজ থেকে সাতজনকে চাকরিচ্যুতি করা হয়েছে। এর প্রতিবাদ ও তাদের পুনর্বহালে ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) দাবির পরিপ্রেক্ষিতে গতকাল (২৩ মার্চ সোমবার) সচিবালয়ে এমন মন্তব্য করেন তথ্যমন্ত্রী। সেইসঙ্গে করোনাভাইরাস প্রতিরোধে সরকারের পাশাপাশি গণমাধ্যমকর্মীদের একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৬। কোয়ারেন্টাইন ও স্বাস্থ্যবিধি মেনে চলুন : প্রবাসীদের উদ্দেশে ভিডিওবার্তায় পররাষ্ট্রমন্ত্রী

নভেল করোনাভাইরাস সংক্রমণরোধে সিলেটবাসী ও প্রবাসীদের উদ্দেশে গতকাল (২৩ মার্চ সোমবার) এক ভিডিও বার্তায় একাধিক সতর্কতামূলক তথ্য মেনে চলতে পরামর্শ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সম্প্রতি দেশে আসা প্রবাসীদের নামের তালিকা প্রশাসনকে দেওয়ার অনুরোধ জানিয়ে সিলেটবাসীদের প্রতি পররাষ্ট্রমন্ত্রী বলেন, প্রবাসীদের প্রতি আবেদন, নিজের আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের মঙ্গলের জন্য কোয়ারেন্টাইন মেনে চলুন। কোয়ারেন্টাইন হলো সঙ্গনিরোধ। সবার থেকে আলাদা হয়ে দূরে থাকা, কারও সংস্পর্শে না আসা। একইসঙ্গে জনসমাগম এড়িয়ে চলার পাশাপাশি বাইরে থেকে ঘরে ফিরে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪)।

৭। করোনা শনাক্তে হচ্ছে আরও আট পরীক্ষাগার : স্বাস্থ্যমন্ত্রী
স্বাস্থ্যমন্ত্রণালয়কে করোনাভাইরাস পরীক্ষার কিট ও পিপিই দিচ্ছে বিদ্যুৎ মন্ত্রণালয়

কভিড-১৯ পরীক্ষায় দেশে আরও আটটি পরীক্ষাগার স্থাপন করা হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (২৩ মার্চ সোমবার) সচিবালয়ে সংবাদসম্মেলনে তিনি বলেন, যন্ত্রপাতি চলে এসেছে। ঢাকা মেডিকেল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়সহ ঢাকা ও ঢাকার বাইরে বিভিন্ন হাসপাতালে এ নতুন পরীক্ষাগারগুলো স্থাপন করা হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ইতোমধ্যে ফ্লাইট আসা সীমিত করা হয়েছে। অল্পদিনের মধ্যে বাকি ফ্লাইটও বন্ধ হবে। এ মুহূর্তে সারাদেশে ১৮ হাজার মানুষ হোম কোয়ারেন্টাইনে আছেন বলে জানান তিনি। অনুষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয় এবং বেসরকারি খাতের পাওয়ার প্ল্যান্ট কোম্পানিগুলোর সংগঠনের পক্ষ থেকে করোনা মোকাবিলায় ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (পিপিই) দেওয়ার ঘোষণা দেওয়া হয়। তারা মোট ৫০ হাজার পিপিই এবং সমপরিমাণ করোনা পরীক্ষার কিট দেবে বলে জানায়। গতকাল দেওয়া হয় চার হাজার পিপিই। বাকিগুলো আগামী ১৪ দিনের মধ্যে দেওয়ার চেষ্টা চলছে। অনুষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.২ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৮। করোনায় আরও একজনের মৃত্যু, নতুন আক্রান্ত ৬, মোট আক্রান্ত ৩৩, মৃত্যু ৩ : আইইডিসিআর

প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত আরও একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃতের সংখ্যা তিনজনে পৌঁছাল। গত ২৪ ঘণ্টায় এ রোগে নতুন করে আরও ছয়জন আক্রান্ত হয়েছেন। ফলে মোট আক্রান্তের সংখ্যা ৩৩ জনে পৌঁছেছে। তাদের মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন পাঁচজন। গতকাল (২৩ মার্চ সোমবার) বিকেলে জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সে প্রতিষ্ঠানটির পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা এসব তথ্য জানান। তিনি বলেন, নতুন আক্রান্তদের মধ্যে তিনজন পুরুষ এবং বাকিরা নারী। আক্রান্তদের মধ্যে একজন চিকিৎসক ও দু'জন নার্স। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৯। চালের দাম নিয়ন্ত্রণে অসাধু ব্যবসায়ীদের ধরতে সারাদেশে জেলা প্রশাসকদের নির্দেশ
অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : খাদ্যমন্ত্রী

করোনাভাইরাসের সংক্রমণকে পুঁজি করে দেশে একশ্রেণির অসাধু ব্যবসায়ী লাগামহীনভাবে চালের দাম বাড়াচ্ছে। মাত্র এক সপ্তাহের ব্যবধানে মানভেদে প্রতি কেজি চালে দাম বেড়েছে ৫ থেকে ১০ টাকা পর্যন্ত। এতে বিপাকে পড়েছে স্বল্প আয়ের মানুষ। খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, অসাধু ব্যবসায়ীদের ধরতে সারাদেশে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকেও বলা হয়েছে। অসাধু ব্যবসায়ী চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এদিকে চালের দাম বাড়ায় বিষয়টি স্বীকার করে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার গতকাল (২৩ মার্চ সোমবার) সংবাদ মাধ্যমকে বলেন, বিষয়টি দুঃখজনক। কোনোভাবেই চালের দাম কেজিতে ৭-৮ টাকা বাড়তে পারে না। অসাধু ব্যবসায়ীদের ধরতে সারাদেশে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। খাদ্যমন্ত্রী বলেন, বর্তমানে সরকারের গুদামে ১৭ লাখ ৬২ হাজার টন খাদ্যশস্য মজুত রয়েছে, যা গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ১ লাখ ৮৫ হাজার টন বেশি। তাই চালের দাম বাড়ার কোনো কারণ নেই। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

১০। প্রবাসীদের সহায়তা করতে বাংলাদেশ মিশনগুলোকে নির্দেশনা

করোনাভাইরাস মোকাবিলায় সহায়তা, ঐক্যবদ্ধ প্রচেষ্টা, আন্তর্জাতিক পরিস্থিতি পর্যবেক্ষণ এবং বিভিন্ন দেশে অবস্থানরত প্রবাসী বাংলাদেশিদের সহায়তার জন্য বাংলাদেশ মিশনগুলোকে বিশেষ নির্দেশনা দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১)।

১১। করোনাভাইরাসের কারণে স্কুল বন্ধ থাকায় টিভিতে মাধ্যমিকের শ্রেণি কার্যক্রম শুরু আজ থেকে

করোনাভাইরাসের কারণে স্কুল বন্ধ থাকায় ‘সংসদ টেলিভিশনে’ মাধ্যমিকের বিষয়ভিত্তিক শ্রেণি কার্যক্রম প্রচার শুরু হচ্ছে আজ মঙ্গলবার ২৪ মার্চ থেকে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) উদ্যোগে আপাতত পরীক্ষামূলকভাবে মঙ্গল (আজ), বুধ ও বৃহস্পতিবার এ কার্যক্রম প্রচার করা হবে। যতদিন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে ততদিনই টেলিভিশনের মাধ্যমে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা হবে বলে জানিয়েছেন মাউশি’র পরিচালক (কলেজ ও প্রশাসন) অধ্যাপক শাহেদুল খবির চৌধুরী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

১২। করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে ঘোষিত সাধারণ ছুটিতে ব্যাংক লেনদেন হবে ১২টা পর্যন্ত

করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সরকার পাঁচ দিনের সাধারণ ছুটি ঘোষণা করলেও এ সময়ে ব্যাংকের সব শাখা খোলা থাকবে। তবে লেনদেন হবে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। ব্যাংকার ও অন্য কর্মীদের অবশ্য অফিস করতে হবে দুপুর দেড়টা পর্যন্ত। বাংলাদেশ ব্যাংক গতকাল (২৩ মার্চ সোমবার) এ সিদ্ধান্ত নিয়েছে। আজ ২৪ মার্চ মঙ্গলবার এ বিষয়ে সার্কুলার জারি করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

১৩। করোনাভাইরাসের কারণে সুদের হার কমাল কেন্দ্রীয় ব্যাংক

বাংলাদেশ ব্যাংক থেকে ব্যাংকগুলোর নেওয়া স্বল্পমেয়াদি ঋণের সুদহার কমানো হয়েছে। একইসঙ্গে ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের (সিআরআর) হারও কমানো হয়েছে। করোনাভাইরাসের কারণে ব্যবসা-বাণিজ্যে তৈরি হওয়া পরিস্থিতিতে কোনো ব্যাংক যেন তারল্য সংকটে না পড়ে সে লক্ষে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল (২৩ মার্চ সোমবার) কেন্দ্রীয় ব্যাংক এ বিষয়ে আলাদা দুটি প্রজ্ঞাপন জারি করে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

১৪। শিক্ষাবিদ সাহিত্যিক বোরহানউদ্দীন খান জাহাঙ্গীরের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

বিশিষ্ট শিক্ষাবিদ, সাহিত্যিক বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর গতকাল (২৩ মার্চ সোমবার) রাজধানীর গুলশানে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র- **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রতিবছর যাত্রী ও মালবাহী ট্রেন হতে অন্তত শতকোটি টাকার তেল চুরি হচ্ছে এক পরিসংখ্যানে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে আইনি পদক্ষেপসহ প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, সমকাল :** করোনাভাইরাসের কারণে সংকটে জনজীবন উল্লেখ করে আপদকালীন সময়ে নিম্ন আয়ের মানুষের বেঁচে থাকার ন্যুনতম প্রয়োজন মেটানোর ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল** : খাগড়াছড়ি শহরের বিভিন্ন এলাকায় পাহাড় কেটে বসতি স্থাপনের চিত্র এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে পাহাড়খেকোদের আইনের আওতায় আনার দাবি।

ঘ. **যায়যায়দিন :** সব শিশুর জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে বিদ্যালয়বিহীন ১ হাজার গ্রামে আরও ১ হাজার প্রাথমিক স্কুল নির্মাণের উদ্যোগ নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় উল্লেখকরে দেশের সব শিশুর শিক্ষা নিশ্চিত করতে এবং সামগ্রিক অর্থে শিক্ষার উন্নয়নে কার্যকর উদ্যোগ অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** করোনাভাইরাসের কারণে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ থাকায় রেকর্ড করা বিষয়ভিত্তিক লেকচার বিভিন্ন টেলিভিশনে সম্প্রচার করার উদ্যোগ নিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর উল্লেখ করে এ উদ্যোগের সফলতা কামনা ।

চ. **অবজারভার :** করোনাভাইরাস প্রতিরোধে পুরোদেশে দশদিনের লকডাউনের সিদ্ধান্ত সময়োচিত বলে মন্তব্য।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি র‌্যাব দেড় কোটি টাকা মূল্যের ৪৭,৩২০ পিস ইয়াবা বহনকারী চার ব্যক্তিকে গ্রেপ্তার করেছে উল্লেখ করে মাদকের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, করোনা মোকাবিলায় এ মুহূর্তে জনগণের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন সঠিক তথ্য জানা, গুজবে কান না দেয়া, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকারের নির্দেশনা অনুসরণ করা।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'সড়ক দুর্ঘটনারোধে আইন মানতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশে ১৬ কোটি মানুষের জন্য অধিক যানবাহনের তুলনায় সড়ক পথ, রেলপথ একেবারেই কম, এগুলো বৃদ্ধি ও চওড়া করলে সড়ক দুর্ঘটনা অনেক কমে যাবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা